বাংলা

তারিখ ১৩।৭।৮১
পৃষ্ঠা ........ কলাম ........

411

058

# পাসের হার ৫৫ : রাজশাহী বোর্ড এসএসসি পরীক্ষার ফল

রাজশাহী, ১২ই জুলাই (বাসস)।—আজ সন্ধ্যায় রাজশাহী শিক্ষা বোর্ড এসএসসি পরীক্ষার ফল ঘোষণা করেছে।

মার্চ-এপ্রিলে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় বিভিন্ন গ্রুপ থেকে মোট ৫১,৮০৫ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়, এর মধ্যে ২৮,৮৭০ জন পরীক্ষার্থী পাস করেছে। পাসের হার শতকরা ৫৫ দশমিক ৭৩ ভাগ। এর মধ্যে ২,৮০৭ জন প্রথম বিভাগ, ১৪,৩৪১ জন দ্বিতীয় বিভাগ এবং ১১,৭২২ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

পরীক্ষায় সম্মিলিত মেধা-তালিকায় প্রথম স্থান অধিকার করেছে রাজশাহী ক্যাডেট কলেজের (রোল নম্বর ১৯১) হাসেম আহমদ), সে ৬টি বিষয়ে লেটারসহ মোট ৮৪৪ নম্বর পেয়েছে।

সম্মিলিত মেধা-তালিকায় দ্বিতীয় স্থান অধিকার করেছে

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## পরীক্ষার ফল

(প্রথম পৃঃ পর)

রংপুর জেলা স্কুলের (রোল নম্বর ৫২৫) মোঃ ইকবাল বাহার। সে ৬টি বিষয়ে লেটারসহ মোট ৮৩৮ নম্বর পেয়েছে।

সম্মিলিত মেধা-তালিকায় তৃতীয় স্থান অধিকার করেছে রংপুর জেলা স্কুলের (রোল নম্বর ৫২৬) আনিসুল হক। সে ৬টি বিষয়ে লেটারসহ সর্বমোট ৮৩৬ নম্বর পেয়েছে।

রাজশাহী সরকারী পিএন বালিকা উচ্চ বিদ্যালয়ের মিস ফারহানা হক (রোল ১২৪৭) মেয়েদের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। সে সম্মিলিত মেধা-তালিকায় চতুর্থ স্থান অধিকার করেছে। সে ৬টি বিষয়ে লেটারসহ সর্বমোট ৮৩৪ নম্বর পেয়েছে।